গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
(প্রশাসন শাখা)
নিউ বেইলী রোড, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০১.৫০.০০১.২৬-৩৪৩/৯

তারিখ: ১৫ আশ্বিন, ১৪৩৩ / ৩০ সেপ্টেম্বর, ২০২৬

বিষয়: মাঠ উন্নয়নের লক্ষ্যে প্রতিটি জেলার একটি করে এমপিওভুক্ত মাদ্রাসার তালিকা প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের 'আগস্ট ২০২৬' মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী, তারিখ: ২৩ আগস্ট ২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকার শিক্ষার্থীদের খেলাধুলার উপযোগী পরিবেশ সৃষ্টি এবং শারীরিক ও মানসিক বিকাশের লক্ষ্যে প্রতিটি জেলায় একটি করে এমপিওভুক্ত মাদ্রাসার খেলার মাঠ উন্নয়নের সিদ্ধান্ত গ্রহণ করেছে। এ লক্ষ্যে দেশের প্রতিটি জেলার একটি করে এমপিওভুক্ত মাদ্রাসার তালিকা কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে প্রেরণের জন্য নির্দেশনা রয়েছে।

০২। বর্ণিত বিষয়ের আলোকে, তার জেলায় অবস্থিত খেলাধুলার উপযোগী মাঠ রয়েছে বা মাঠ প্রস্তুত/উন্নয়ন করা প্রয়োজন-এমন ০১ (এক)টি উপযুক্ত এমপিওভুক্ত মাদ্রাসার তথ্য আগামী ০৭ (সাত) দিনের মধ্যে আবশ্যিকভাবে daf@dme.gov.bd ই-মেইলের মাধ্যমে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

৩০/৯/২০২৬

(মুহাম্মদ মোজাম্মেল হোসেন খান)
পরিচালক (প্রশাসন ও অর্থ)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
ফোন: + ০২-৪১০৩০১৬২
ইমেইল: daf@dme.gov.bd

জেলা প্রশাসক (সকল)

অনুলিপি (সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো): জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়;

১. অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩. জেলা শিক্ষা অফিসার (সকল) ..... (জেলা প্রশাসক মহোদয়ের সাথে সমন্বয়পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৪. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
৫. সংরক্ষণ নথি/অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
সমন্বয় শাখা
www.tmed.gov.bd

সেপ্টেম্বর ২০২৬ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মো: দাউদ মিয়া এনডিসি
সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

তারিখ : ২২ সেপ্টেম্বর ২০২৬, সময়: সকাল ১১:০০ ঘটিকায়

স্থান : সভাকক্ষ (কক্ষ নং ১৪১৫, ভবন নং ৬)
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত

উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। অত:পর সভার আলোচ্যসূচি সভাপতির অনুমতিক্রমে ধারাবাহিকভাবে উপস্থাপন করা হয়। সভায় বিস্তারিত আলোচনাক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

আলোচ্যসূচি-১: জুলাই ২০২৬ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন ও দৃঢ়ীকরণ।	গত ২৩ আগস্ট ২০২৬ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। কার্যবিবরণীতে কোন সংশোধন, সংযোজন, বিয়োজন বা পরিমার্জন থাকলে আলোচনা করা যেতে পারে।	২৩ আগস্ট ২০২৬ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধন, সংযোজন বা বিয়োজন না থাকায় দৃঢ়ীকরণ করা হয়।	সকল অনুবিভাগ ও দপ্তর/সংস্থা

আলোচ্যসূচি-২: ক. শূন্য পদ সংক্রান্ত

মন্ত্রণালয়/দপ্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ	মন্তব্য
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ	১৭১	১৪৩	২৮	
কারিগরি শিক্ষা অধিদপ্তর	২৬৬৮১	১২০৫৩	১৪৬২৮	
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর	২৮৫	১৩০	১৫৫	মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আউটসোর্সিংভুক্ত ১৭টি পদ মোট পদ হতে বাদ দেওয়া হয়েছে।
জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার)	১২৪	৬৭	৫৭	
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই)	৫৫	৪০	১৫	
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড	১৯৫	১১৯	৭৬	
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড	২২২	১৫৭	৬৫	
সর্বমোট=	২৭৭৩৩	১২৭০৯	১৫০২৪	

আলোচ্যসূচি-০৯: বিবিধ

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	Bangladesh National Qualifications Framework (BNQF) সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে এ দপ্তর/সংস্থার কর্মকর্তাদের অবহিতকরণসহ BNQF আরও অর্থবহ ও যুগোপযোগী করা প্রয়োজন মর্মে সভায় আলোচনা হয়।	BNQF চূড়ান্তকরণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সকল কর্মকর্তাদের অবহিতকরণসহ অর্থবহ ও যুগোপযোগী করা উদ্যোগ গ্রহণ করতে হবে।	অতিরিক্ত সচিব (উন্নয়ন); সকল দপ্তর/সংস্থা
২.	এ বিভাগের Education Management Information System (EMIS) এ সফ্টওয়ারের রূপরেখা প্রস্তুতের জন্য সকল দপ্তর/সংস্থা থেকে তথ্য সংগ্রহ করা হবে মর্মে সভায় আলোচনা হয়।	MIS-সফ্টওয়ারের রূপরেখা দ্রুততার সাথে প্রস্তুত করতে হবে।	অতিরিক্ত সচিব (উন্নয়ন); যুগ্মসচিব (উন্নয়ন); সিস্টেম এনালিস্ট (আইসিটি)
৩.	মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরাধীন বকেয়া বেতন সংক্রান্ত জটিলতা নিরসনের লক্ষ্যে অতিরিক্ত সচিব (মাদ্রাসা) কে আহবায়ক ও মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরকে সদস্য সচিব করে ৭ সদস্য বিশিষ্ট ১টি কমিটি গঠন করা হয়েছে। গঠিত কমিটি শুধুমাত্র রাজনৈতিক বিবেচনায় কাম্য ও যোগ্যতা থাকা সত্ত্বেও বন্ধ থাকা এমপিওভুক্ত মাদ্রাসার বকেয়া চালুর করার সুপারিশ করেছে।	নীতিমালা ও সংশ্লিষ্ট আইন বিধি অনুসরণপূর্বক বকেয়া বেতন সংক্রান্ত জটিলতা দ্রুত নিরসন করতে হবে।	মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর; অতিরিক্ত সচিব (মাদ্রাসা); চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড।
৪.	কারিগরি শিক্ষা অধিদপ্তরের ০৮ জুলাই ২০২৬ তারিখের ৫৭.০৩.০০০০.০১১.০৬.০২০.২৩-১৯৩নং পত্রের মাধ্যমে কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহকে অবহিত করা হয়েছে। মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানকেও অবহিত করা প্রয়োজন মর্মে সভায় আলোচনা হয়।	১. শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত খেলাধুলা/পিটি প্যারেড এর আয়োজন করতে হবে। ২. খেলাধুলা/পিটি প্যারেড এর ছবি ফেজবুক/হোয়াটস আপ গ্রুপ/ওয়েব সাইটে আপলোড করতে হবে।	মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর; চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
৫.	কারিগরি শিক্ষা অধিদপ্তরের ০৮ জুলাই ২০২৬ তারিখের ৫৭.০৩.০০০০.০১১.০৬.০২০.২৩-১৯২নং পত্রের মাধ্যমে কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহকে অবহিত করা হয়েছে। মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানকেও অবহিত করা প্রয়োজন মর্মে সভায় আলোচনা হয়।	ডেঙ্গু মশা নিয়ন্ত্রণে সচেতনা বৃদ্ধির লক্ষ্যে মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানকে দ্রুত নির্দেশনা প্রদান করতে হবে।	মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর; চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
৬.	মাদ্রাসাতে খেলাধুলার আয়োজন তুলনামূলক কম হয়ে থাকে। তাই মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের এবতেদায়ী ও দাখিল পর্যায়ে ফুটবল টুর্নামেন্ট আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হবে।	এবতেদায়ী ও দাখিল পর্যায়ে দ্রুততম সময়ে ফুটবল টুর্নামেন্ট আয়োজন করতে হবে।	মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর; চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড।
৭	প্রত্যেক জেলার একটি করে এমপিওভুক্ত মাদ্রাসার মাঠ উন্নয়নের জন্য তালিকা প্রস্তুতপূর্বক এ বিভাগে দ্রুত প্রেরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়।	মাঠ উন্নয়নের লক্ষ্যে প্রত্যেক জেলার একটি করে এমপিওভুক্ত মাদ্রাসার তালিকা এ বিভাগে দ্রুত প্রেরণ করতে হবে।	অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ); মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর; চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড।